গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।
e-mail: info@rc.gov.bd | rcadmsn@gmail.com website: https://rc.gov.bd | https://rc.edu.bd
online news portal: https://rc.edu.bd/rcbarta Fax: 02588853145

স্মারক নংঃ ৩৭.০২.৮১২২.১০১.২৪.১১৮৮

তারিখঃ ২৩ জ্যৈষ্ঠ ১৪৩১ ব:
০৬ জুন ২০২৪ খ্র.

## ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ ডিগ্রি (পাস) কোর্সে ভর্তির কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

১। **অনলাইনে প্রাথমিক আবেদন করার তারিখ: ০৫/০৬/২০২৪ তারিখ বিকাল ৪টা থেকে ৩০/০৬/২০২৪ তারিখ রাত ১২টা পর্যন্ত।**

২। **প্রার্থীদের জন্য জ্ঞাতব্য**

(ক) শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট *http://app1.nu.edu.bd/* থেকে প্রাথমিক আবেদন ফরম যথাযথভাবে পূরণ করবে। পূরণকৃত আবেদনপত্র $A_4$ (৮.৫ ইঞ্চি×১১ ইঞ্চি) সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট করে নিবে।

(খ) অনলাইনে **প্রাথমিক আবেদন ফি বাবদ ৩৭০/- (জাতীয় বিশ্ববিদ্যালয়ের আবেদন ফি ৩০০/ + প্রসপেক্টাস ফি ৩০/ +** অনলাইন ব্যাংকিং ও আইসিটি ফি- ৪০.০০) **টাকা ১০/০৬/২০২৪ থেকে ৩০/০৬/২০২৪ তারিখের মধ্যে ডাচবাংলা মোবাইল ব্যাংক এর মাধ্যমে নিচে উল্লেখিত নিয়ম অনুযায়ী জমা করতে হবে।** অতপর প্রার্থীকে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্রটি ১০/০৬/২০২৪ থেকে ৩০/০৬/২০২৪ **(সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত)** তারিখ বেলা ০২:০০ টার মধ্যে কলেজে জমা দিয়ে নিজের অংশ সংগ্রহ করতে হবে।

(গ) **অনলাইন প্রাথমিক আবেদন ফরম জমা দেয়ার তারিখ, সময় ও স্থান**

| আবেদনের তারিখ | সময় | আবেদন ফরম জমা দেয়ার তারিখ ও স্থান | আসন সংখ্যা |
|---|---|---|---|
| ১০/০৬/২০২৪ থেকে ৩০/০৬/২০২৪ **(সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত)** | সকাল- ১০ টা থেকে বেলা- ০১ টা পর্যন্ত | ১০/০৬/২০২৪ থেকে ৩০/০৬/২০২৪ **(সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত)** সংস্কৃত বিভাগ, ফুলার ভবন (২য় তলা) | বিএ- ১৪০ টি; বিএসএস- ১০০ টি; বিএস.সি- ৮০ টি; বিবিএস- ১৬০ টি |

৩। **আবেদন পদ্ধতি:**

ধাপ-১: প্রথমে রাজশাহী কলেজে ভর্তির নিমিত্তে *https://rc.gov.bd/admission-formfillup/* লিংকের **Degree Online Application** বাটানে ক্লিক করে অথবা সরাসরি *http://180.211.183.206/EasyCollegeMate/public/Application/Degree* লিংকে প্রবেশ করে নির্দেশনা মোতাবেক Admission Roll নম্বর দিয়ে Next বাটন চাপলে একটি ফরম উন্মুক্ত হবে। উক্ত ফরমে প্রয়োজনীয় তথ্যাদি ও ছবি (সর্বোচ্চ ২৫০ পিক্সেল প্রশস্ত ও ৫০ কিলোবাইটের নিচে) দিয়ে Submit বাটনে ক্লিক করলে প্রদত্ব সকল তথ্যসহ Invoice তৈরি হবে। Invoice এর তথ্য ফরমের নিচে উল্লেখ থাকবে। **যথাযথ যাঁচাইয়ের পর কোন ভুল পাওয়া না গেলে (বিশেষ করে Admission Roll নম্বর) নিম্নে উল্লেখিত "DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী"** অনুসারে **Admission Roll** এর বিপরীতে ফিস পরিশোধ করতে হবে।

**যদি প্রদত্ব তথ্যে কোন ভুল বা গরমিল পরিলক্ষিত হয় অথবা Admission Roll নম্বর ভুল হয় তবে ফিস পরিশোধের পূর্বেই পুনরায় সঠিক Admission Roll নম্বর দিয়ে আবেদন করতে হবে।**

ধাপ-২: ফিস পরিশোধের পর *http://180.211.183.206/EasyCollegeMate/public/Application/Degree* লিংকের তথ্যযুক্ত পেজটি **Refresh** করলে অথবা **Admission Roll** দিয়ে নতুনভাবে **Next** বাটন চাপলে শিক্ষার্থীর সকল তথ্যসহ আবেদন ফরমটি উন্মুক্ত হবে এবং উপরে প্রদর্শিত **Admission Confirmation Slip** এবং **Application Form** ডাউনলোড করে আবেদন পত্রের সাথে কলেজে জমা দিতে হবে। আবেদনের পর প্রাপ্ত Ref. ID ও Password ভবিষ্যতে ব্যবহারে জন্য সংরক্ষণ করতে হবে।

**DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী:**

(ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *৩২২# ডায়াল করে মেনুতে যান।
(খ) '1' (One) নং পেমেন্ট সিলেক্ট করুন।
(গ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন।
(ঘ) Bill No-এ আপনার জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত **রোল নম্বর** দিন।
(ঙ) টাকার পরিমাণ (৩৭০/-) লিখুন।
(চ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন।
(ছ) Ok অথবা Send বাটন ক্লিক করুন।
(জ) প্রাপ্ত Trx ID নম্বরটি সংরক্ষণ করুন।

**Rocket apps ব্যবহার করেও ফি পরিশোধ করা যাবে।**

৪। **অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজ সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা**

(ক) প্রিন্টকৃত প্রাথমিক আবেদনপত্র ।

(খ) আবেদন ফরমের সঙ্গে প্রার্থীর এসএসসি/সমমান, এইচএসসি/সমমান পরীক্ষার নম্বর পত্র, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি (০১ কপি করে) জমা দিতে হবে।

(গ) প্রাথমিক আবেদন ফরমটির দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে ফেরত দেয়া হবে। ভর্তি কার্যক্রমের জন্য এই অংশটি আবেদনকারীর প্রবেশপত্র (Admit Card) হিসাবে ব্যবহৃত হবে এবং তা সংরক্ষণ করতে হবে।

৫। আবেদনের যোগ্যতা:

(ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে যে কোন শাখা থেকে ২০১৯/২০২০/২০২১ সালের এস.এস.সি/সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যুনতম জিপিএ ৩.০ এবং ২০২১/২০২২/২০২৩ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যুনতম জিপিএ ৩.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

(খ) বাংলাদেশে কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি (বিজনেস্ ম্যানেজমেন্ট এন্ড টেকনোলজি) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা অনুচ্ছেদ-১ এর ক নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

(গ) ২০১৯/২০২০/২০২১ সালের 'ও' লেভেল পরীক্ষায় ৩টি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত চারটি বিষয়ে উত্তীর্ণ ২০২১/২০২২/২০২৩ সালের 'এ' লেভেল পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (degpassnu@gmail.com) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু কোর্সের নাম, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু কোর্সটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর 'ও' লেভেল এবং 'এ' লেভেল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

(ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ অথবা ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সে সকল শিক্ষার্থী ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী নির্ধারিত সময়ের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে।

(ঙ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

(চ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর ছবি/কোন তথ্য ভুল অথবা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারী ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

**বি:দ্র: এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় পৃথক পৃথকভাবে ন্যুনতম জিপিএ-৩.০০ প্রাপ্ত শিক্ষার্থীরা ৩ (তিন) বছর মেয়াদী ডিগ্রি (পাস) কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে।**

৬। পাঠক্রম ও পাঠ্যসূচি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক প্রণীত ৩ (তিন) বছর মেয়াদী ডিগ্রি (পাস) কোর্সের পাঠক্রম ও পাঠ্যসূচী সংক্রান্ত সংশোধিত রেগুলেশনে বর্ণিত বিষয়গুচ্ছ অনুযায়ী ছাত্র-ছাত্রীকে পাঠ্য বিষয় নির্বাচন করতে হবে।

৭। ডিগ্রি (পাস) কোর্সে আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়সমূহ

| ভর্তিচ্ছু কোর্স সমূহ | আবশ্যিক বিষয় সমূহ | নৈর্বাচনিক বিষয় সমূহ | উচ্চ মাধ্যমিক/ সমমান পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য আসন বন্টন (শতকরা হারে) |
|---|---|---|---|
| ক) বিএ (পাস) | ১) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষ)<br>২) বাংলা জাতীয় ভাষা (২য় বর্ষ)<br>৩) ইংরেজি (৩য় বর্ষ) | **নিম্নের প্রদত্ত গুচ্ছসমূহ থেকে যে কোন তিনটি গুচ্ছ থেকে একটি করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে। কোন গুচ্ছ থেকে একাধিক বিষয় নির্বাচন করা যাবে না।**<br>ক গুচ্ছ- অর্থনীতি/রাষ্ট্রবিজ্ঞান/সমাজবিজ্ঞান/সমাজকর্ম<br>খ গুচ্ছ- বাংলা(ঐচ্ছিক)/ইংরেজি (ঐচ্ছিক)/সংস্কৃত/আরবি/পালি<br>গ গুচ্ছ- ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>ঘ গুচ্ছ- দর্শন/ভূগোল ও পরিবেশ<br>ঙ গুচ্ছ- মনোবিজ্ঞান/ইসলামী শিক্ষা/গণিত/পরিসংখ্যান | মানবিক শাখা- ৬০%<br>বিজ্ঞান শাখা- ২০%<br>ব্যবসায় শিক্ষা- ২০%<br>* মেধা তালিকা দেয়ার পরও যদি কোর্সভিত্তিক আসন শূন্য থাকে সে ক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে। |
| খ) বিএসএস (পাস) | ১) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষ)<br>২) বাংলা জাতীয় ভাষা (২য় বর্ষ)<br>৩) ইংরেজি (৩য় বর্ষ) | **ক গুচ্ছ থেকে ০২ (দুই)টি এবং খ গুচ্ছ থেকে ০১ (একটি) করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে।**<br>ক গুচ্ছ- **অর্থনীতি/রাষ্ট্রবিজ্ঞান এবং সমাজবিজ্ঞান/সমাজকর্ম ( যেকোন একটি)**<br>খ গুচ্ছ- মনোবিজ্ঞান/ ভূগোল ও পরিবেশ/ ইতিহাস/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ইসলামী শিক্ষা/দর্শন/ বাংলা(ঐচ্ছিক)/ইংরেজি (ঐচ্ছিক)/আরবি | মানবিক শাখা- ৬০%<br>বিজ্ঞান শাখা- ২০%<br>ব্যবসায় শিক্ষা- ২০%<br>* মেধা তালিকা দেয়ার পরও যদি কোর্সভিত্তিক আসন শূন্য থাকে সে ক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে। |
| গ) বিএসসি (পাস) | ১) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষ)<br>২) বাংলা জাতীয় ভাষা (২য় বর্ষ)<br>৩) ইংরেজি (৩য় বর্ষ) | **ক গুচ্ছ থেকে ০২(দুইটি) এবং খ গুচ্ছ থেকে ০১(একটি) অথবা গ গুচ্ছ থেকে ০২(দুইটি) ও ঘ গুচ্ছ থেকে ০১(একটি) করে মোট তিনটি বিষয় নির্বাচন করতে হবে। নির্বাচিত বিষয়সমূহ উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় পঠিত হিসাবে থাকতে হবে। তবে মৃত্তিকাবিজ্ঞান/প্রাণ রসায়ন/গার্হস্থ্য অর্থনীতি/ভূগোল ও পরিবেশ বিষয়ের ক্ষেত্রে শর্তটি শিথিলযোগ্য।**<br>ক গুচ্ছ- পদার্থবিজ্ঞান ও গণিত<br>খ গুচ্ছ- রসায়ন/ভূগোল ও পরিবেশ/মনোবিজ্ঞান/পরিসংখ্যান/উদ্ভিদবিজ্ঞান/ প্রাণিবিজ্ঞান<br>গ গুচ্ছ- উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিজ্ঞান<br>ঘ গুচ্ছ- রসায়ন/ভূগোল ও পরিবেশ/মনোবিজ্ঞান/ পরিসংখ্যান/ গণিত/ পদার্থবিজ্ঞান | বিজ্ঞান শাখা- ১০০% |

| ভর্তিচ্ছু কোর্স সমূহ | আবশ্যিক বিষয় সমূহ | নৈর্বাচনিক বিষয় সমূহ | উচ্চ মাধ্যমিক/ সমমান পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য আসন বন্টন (শতকরা হারে) |
|---|---|---|---|
| ঘ) বিবিএস (পাস) | ১) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষ)<br>২) বাংলা জাতীয় ভাষা (২য় বর্ষ)<br>৩) ইংরেজি (৩য় বর্ষ) | **ক গুচ্ছ থেকে ০২(দুই)টি এবং খ গুচ্ছ থেকে ০১(একটি) করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে।**<br><br>ক গুচ্ছ- হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা<br>খ গুচ্ছ- অর্থনীতি/পরিসংখ্যান | মানবিক শাখা- ১০%<br>বিজ্ঞান শাখা- ২০%<br>ব্যবসায় শিক্ষা- ৭০%<br>* মেধা তালিকা দেয়ার পরও যদি কোর্সভিত্তিক আসন শূন্য থাকে সে ক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে। |

**৮। ফলাফল ও মেধাতালিকা:**

(ক) আবেদনকারীদের SSC ও HSC পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা প্রণয়ন করে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির কোর্স বরাদ্দ দেয়া হবে।

(খ) একই প্রতিষ্ঠান/কলেজে একই বিষয়ে দুই বা ততোধিক আবেদনকারীর প্রাপ্ত ফলাফল একই হলে সেক্ষেত্রে এ সকল আবেদনকারীর পর্যায়ক্রমে i) ৪র্থ বিষয়সহ SSC ও HSC পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর যথাক্রমে ৪০% ও ৬০% ii) প্রয়োজন হলে SSC ও HSC পরীক্ষার মোট প্রাপ্ত নম্বরের যথাক্রমে ৪০% ও ৬০% iii) এর পরেও যদি দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম একই হয়, সেক্ষেত্রে যার বয়স কম হবে তাকে অগ্রাধিকার দিয়ে মেধাক্রম প্রণয়ন করা হবে।

(গ) এ ভর্তির কার্যক্রম পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, দ্বিতীয় মেধা তালিকা, কোটার মেধা তালিকা এবং ১ম ও ২য় রিলিজ স্লিপের মেধা তালিকার মাধ্যমে সম্পন্ন করা হবে। উল্লেখ্য যে, এ ভর্তি কার্যক্রমে ৩য় রিলিজ স্লিপে আবেদন করার কোন সুযোগ থাকবে না।

(ঘ) আবেদনকারীরা ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর মাধ্যমে এবং SMS (nu<space>atdg<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে অথবা কলেজের নোটিশ বোর্ড থেকে ফলাফল জানতে পারবে।

**৯। ভর্তি কার্যক্রমে মেধাক্রম প্রণয়ন পদ্ধতি**

**ধাপ-ক**

| রোল নং | SSC জিপিএ | HSC জিপিএ | মোট = SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%) | মেধাক্রম |
|---|---|---|---|---|
| ১১১ | ৫ | ৫ | ২+৩=৫ | ১ |
| ১১২ | ৫ | ৪.৮ | ২+২.৮৮=৪.৮৮ | ২ |

**ধাপ-খ**

| রোল নং | SSC জিপিএ | HSC জিপিএ | মোট = SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%) | SSC প্রাপ্ত নম্বর | HSC প্রাপ্ত নম্বর | মোট = SSC প্রাপ্ত নম্বরের (৪০%) + HSC প্রাপ্ত নম্বরের (৬০%) | মেধাক্রম |
|---|---|---|---|---|---|---|---|
| ১১১ | ৫ | ৫ | ২+৩=৫ | ৮২০ | ৮৬০ | ৩২৮+৫১৬=৮৪৪ | ১ |
| ১১২ | ৫ | ৫ | ২+৩=৫ | ৮২০ | ৮১০ | ৩২৮+৪৮৬=৮১৪ | ২ |

**ধাপ-গ**

| রোল নং | SSC জিপিএ | HSC জিপিএ | মোট = SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%) | SSC প্রাপ্ত নম্বর | HSC প্রাপ্ত নম্বর | মোট = SSC প্রাপ্ত নম্বরের (৪০%) + HSC প্রাপ্ত নম্বরের (৬০%) | প্রার্থীর বয়স | মেধাক্রম |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১১১ | ৫ | ৫ | ২+৩=৫ | ৮২০ | ৮৬০ | ৩২৮+৫১৬=৮৪৪ | ১৮ বছর | ১ |
| ১১২ | ৫ | ৫ | ২+৩=৫ | ৮২০ | ৮৬০ | ৩২৮+৫১৬=৮৪৪ | ১৮ বছর ২ মাস | ২ |

অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নংঃ ৩৭.০২.৮১২২.১০১.২৪. ১১৮৮(২৭)

তারিখঃ ২৩ জ্যৈষ্ঠ ১৪৩১ বঃ
০৬ জুন ২০২৪ খ্র.

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো**

১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী।
৩। আহ্বায়ক, ডিগ্রি (পাস) কোর্স ভর্তি কমিটি ২০২৩-২০২৪, রাজশাহী কলেজ, রাজশাহী।
৪। ম্যানেজার, ডাচ্ বাংলা মোবাইল ব্যাংক, রাজশাহী।
৫। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী।
৬। সংরক্ষণ নথি।

অধ্যক্ষ 06/06/2024
রাজশাহী কলেজ, রাজশাহী।
06/06/2024